

# সমঝামেল

মঙ্গলবার, ০৩ জুলাই ২০১৮, ১৯ আষাঢ় ১৪২৫

## ডিআইইউতে সামার স্কুল অব হিউম্যান রাইটস কর্মসূচি

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে (ডিআইইউ) শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী 'ইন্টারন্যাশনাল সামার স্কুল অব হিউম্যান রাইটস' কর্মসূচি। ডিআইইউ, গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব হযরত মোহাম্মাদ (সা.) ও ভারতীয় পরামর্শক প্রতিষ্ঠান নলেজ স্টিজের সম্মিলিত আয়োজনে গত রোববার থেকে বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে এ কর্মসূচি শুরু হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান। এতে বাংলাদেশ, ভারত ও নেপালের শিক্ষার্থীরা অংশ নিয়েছেন।

ইনস্টিটিউট অব হযরত মোহাম্মাদ (সা.) এর প্রধান উপদেষ্টা মেজর জেনারেল (অব.) ফেরদৌস মিয়া'র সভাপতিত্বে অনুষ্ঠানে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৩



সামার স্কুল অব হিউম্যান রাইটস কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন প্রতিষ্ঠানের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান ■ ফটো: রিলিজ

## ডিআইইউতে

[তৃতীয় পৃষ্ঠার পর]

আরও বক্তব্য দেন ডিআইইউর উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম, নলেজ স্টিজের প্রতিষ্ঠাতা নীতেশ কুমার উপাধ্যায়, অধ্যাপক ড. ফারহানা হেলাল মেহতাব প্রমুখ। সঞ্চালনা করেন ব্যারিস্টার রিজওয়ানা ইউসুফ। সবুর খান বলেন, সারা পৃথিবীতে মানবাধিকারের সংকট চলছে। আমরা যতই আধুনিক হচ্ছি, ততই যেন মানবাধিকারের চর্চা থেকে পিছিয়ে পড়ছি। এ দুরবস্থার দায় শিক্ষা ব্যবস্থার ওপর বর্তায়। এ অবস্থার পরিবর্তনে সম্মিলিতভাবে সবাইকে এগিয়ে আসতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।